

ষষ্ঠ অধ্যায়: দশ আজ্ঞার অর্থ

► যোগ্যতাভিত্তিক কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ক. তোমার বন্ধু পিতামাতাকে সম্মান করে, চুরি করে না, মিথ্যা সাক্ষ্য দেয় না। এরকম আরও অনেক আজ্ঞা সে পালন করে। তোমার বন্ধু কোন আজ্ঞাগুলো পালন করে? উক্ত আজ্ঞাগুলোকে কীসের বিধান বলা হয়? এ সম্পর্কে ৩টি বাক্য লেখ। $1+1+3=5$

উত্তর: আমার বন্ধু ঈশ্বরের দশ আজ্ঞা পালন করে। ঈশ্বরের দশ আজ্ঞা হলো ভালোবাসার বিধান।

এই দশটি বিধান পালন করলে যেমন ঈশ্বরের ভালোবাসা পাওয়া যায় ঠিক তেমনি পাওয়া যায় মানুষের ভালোবাসা। কোনো ব্যক্তি যদি তার পিতামাতাকে সম্মান করে, নরহত্যা না করে, ব্যভিচার পরিহার করে, চুরি না করে, মিথ্যা সাক্ষ্য না দেয়, পরস্প্রীতে লোভ না করে, পরদ্রব্যে লোভ না করে, তাহলে সবাই তাকে ভালোবাসবে। তাই ঈশ্বরের দশ আজ্ঞাকে ভালোবাসার বিধান বলা হয়।

প্রশ্ন-খ. তোমার বন্ধু তোমার কলম তোমাকে না বলে নিয়ে নিল এটি অত্যন্ত খারাপ কাজ। এ কাজটি কী? এ রকম আরও ৪টি কাজের নাম লেখ। $1+4=5$

উত্তর: এ কাজটি চুরি। এ রকম আরও চারটি কাজ হলো—

১. পরীক্ষায় নকল করা।
২. অন্যের সুনাম নষ্ট করা।
৩. দাম না দিয়ে দোকানের জিনিস নিয়ে যাওয়া।
৪. অপচয় করা।

প্রশ্ন-গ. কাদের মধ্য দিয়ে ঈশ্বর আমাদের জীবন দিয়ে পৃথিবীতে পাঠিয়েছেন? ঈশ্বরের কততম আজ্ঞায় তাঁদের কথা বলা হয়েছে? তাদের প্রতি সন্তানসুলভ ৩টি কর্তব্য লেখ। $1+1+3=5$

উত্তর: পিতামাতার মধ্য দিয়ে ঈশ্বর আমাদের জীবন দিয়ে এই পৃথিবীতে পাঠিয়েছেন। ঈশ্বরের ৪র্থ আজ্ঞায় তাঁদের কথা বলা হয়েছে। পিতামাতার প্রতি সন্তানসুলভ কর্তব্যগুলো হলো—

১. পিতামাতাকে ভালোবাসা।
২. পিতামাতার প্রতি কৃতজ্ঞ থাকা।
৩. বৃদ্ধ বয়সে অসুস্থতায়, একাকীত্ব ও দুঃসময়ে নৈতিক ও বৈষয়িক সহায়তা করা।

► সাধারণ কাঠামোবন্ধ প্রশ্ন ও উত্তর

প্রশ্ন-ঘ. ঈশ্বরের আজ্ঞা কয়টি? মানুষের প্রতি মানুষের ভালোবাসা সম্পর্কিত আজ্ঞা কয়টি এবং উক্ত আজ্ঞাগুলো থেকে ৩টি আজ্ঞা লেখ। $1+4=5$

উত্তর: ঈশ্বরের আজ্ঞা দশটি। মানুষের প্রতি মানুষের ভালোবাসা সম্পর্কিত আজ্ঞা হলো ৭টি। এগুলোর মধ্য থেকে ৩টি আজ্ঞা হলো—

১. পিতামাতাকে সম্মান করবে।
২. নরহত্যা করবে না।
৩. চুরি করবে না।

প্রশ্ন-ঙ. মানুষের প্রতি মানুষের ভালোবাসা সম্পর্কিত যে কোনো পাঁচটি আজ্ঞার নাম লিখ। [প্রা.শি.স.প. ২০১৫]

৫

উত্তর: মানুষের প্রতি মানুষের ভালোবাসা সম্পর্কিত আজ্ঞা হলো ৭টি। এর মধ্যে পাঁচটি হলো—

১. পিতামাতাকে সম্মান করা।
২. নরহত্যা না করা।
৩. ব্যভিচার না করা।
৪. পরের দ্রব্যের প্রতি লোভ না করা।
৫. মিথ্যা সাক্ষ্য না দেওয়া।

প্রশ্ন-চ. পরের দ্রব্যে লোভ করবে না— আজ্ঞাটি ব্যাখ্যা কর। [প্রা.শি.স.প. ২০১৬]

উত্তর: এই আজ্ঞার মাধ্যমে অন্যের জিনিসের প্রতি লোভ করতে নিষেধ করা হয়েছে। যে জিনিস আমার নেই তা পাবার জন্য আমাদের যে তীব্র বাসনা বা আকর্ষণ তাই হলো লোভ। লোভের কারণে প্রয়োজনের অতিরিক্ত পাবার বাসনা প্রবল হয়ে উঠে। পরের দ্রব্যে লোভের কারণে লোভী মানুষ সম্পদ আহরণ করতে করতে অনেক ধনী হয়ে যায় এবং অনেক মানুষ গরিব হয়ে যায়। এভাবে পৃথিবীতে ধনী গরিবের বৈষম্য বাড়ে।